অনুরণন

Anuranan: An International Peer-reviewed Journal of Humanities and Social Sciences

ISSN 2347-8055 | Vol. 11 - 2023

সম্পাদকীয়

অনুরণন উৎসাহী গবেষকদের অনুপ্রেরণার মুখপত্র। সম্প্রতিকালে ডিজিটাল প্রযুক্তিকে কাজে লাগিয়ে নানান ধরনের জার্নাল দেশে বিদেশে প্রকাশিত হচ্ছে। তার মধ্যে ভিন্ন স্বাদে, ভিন্ন বৈচিত্র নিয়ে নতুন উজ্বলতায় বর্নোজ্জ্বল হয়ে এ বছরও প্রকাশিত হচ্ছে অনুরণন নামক সাহিত্য, দর্শন ও সমাজবিদ্যা বিষয়ক আন্তর্জাতিক বাংলা জার্নাল।

অনুরণন এর জন্ম ইতিহাস একবারেই আকস্মিক। কোনো পরিকল্পনা বা আয়োজন করে এর জন্ম হয়নি। কোনো অনুকরণ নয়, বা হুজুগে মত্ত হয়ে নয়, একেবারে স্বাধীন চিন্তায়, প্রকাশিত হচ্ছে এই গবেষণা পত্রিকা। ঐকান্তিক প্রচেষ্টায় প্রতি বছর প্রকাশিত হচ্ছে এই আন্তর্জাতিক জার্নালটি। সকলের জন্য অনুরণন এর দরজা খোলা। কবির কথায় :

সৌভাগ্যের দ্বার খোলা অনিবার
আছে সকলের তরে,
উদ্যোগী যে জন কর্ম পরায়ন
প্রবিশিতে সেই পারে।

প্রকৃতির অমোঘ নিয়মে একসময়ে সকলকে বিদায় নিতে হবে ধরণী থেকে। শুধু বেঁচে থাকবে এই জাতীয় স্মৃতিগুলি।

গত এক দশক ধরে অনুরণন এর খ্যাতি জাতীয় পর্যায় অতিক্রম করে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত হয়েছে। অনুরণন আজ ভারতবর্ষের গন্ডি ছাড়িয়ে পৃথিবীর বিভিন্ন প্রান্তে ভিন্ন ভিন্ন দেশের গ্রন্থাগারে সংরক্ষিত হচ্ছে। অনুরণন সমগ্র পৃথিবীর প্রথম একমাত্র সম্পূর্ণ বাংলা ভাষায় প্রকাশিত আন্তর্জাতিক বৈদুতিন জার্নাল।

গবেষণালব্ধ জ্ঞান কয়েক মুহুর্তের ব্যবধানে দেশ বিদেশের মানুষের কাছে পৌছে দেওয়ার অভিপ্রায় নিয়ে সকলের হৃদয় অনুরণিত করতে চাইছে এই জার্নালটি।

ডঃ সমীরণ মন্ডল

নভেম্বর, ২০২৩